

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৫৩

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ صَامَ يَوْمًا فِي سَبِيلِ اللَّهِ بَعَّدَ اللَّهُ وَجْهَهُ عَنِ النَّارِ سَبْعِينَ خَرِيفًا»

বাংলা

২০৫৩-[১৮] আবূ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি একদিন আল্লাহর পথে (অর্থাৎ- জিহাদ ফী সাবীলিল্লাহ-এর সময় খালিসভাবে আল্লাহর জন্য) সওম রাখে, আল্লাহ তা'আলা তার মুখম-লকে (অর্থাৎ- তাকে) জাহান্নামের আগুন থেকে সত্তর বছরের দূরত্বে রাখবেন। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৮৪০, মুসলিম ১১৫৮, নাসায়ী ২২৪৫, ইবনু মাজাহ ১৭১৭, মুসান্নাফ 'আবদুর রাযযাক ৯৬৮৪, আহমাদ ১১৪০৬, দারিমী ২৪৪৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৮৫৭৬, সহীহ আল জামি' ৬৩২৯।

ব্যাখ্যা

व्याখ্যা: আন্ নিহায়াতে রয়েছে سَبِيْلِ اللهِ টি ব্যাপক। যা সকল প্রকার একনিষ্ঠ 'ইবাদাত যা দ্বারা আল্লাহর নৈকট্য লাভের পথে চলা যায়। যেমন ফর্য 'ইবাদাত, নফল 'ইবাদাত ও অন্যান্য নফল 'ইবাদাত। আর যখন سَبِيْلِ اللهِ টি ব্যাপক অর্থে ব্যবহার হয় যেন তা জিহাদের উপরই প্রাধান্য পায়।

কেউ বলেছেন, এর দারা যুদ্ধ ও জিহাদ উদ্দেশ্য, অর্থাৎ- যে ব্যক্তি যুদ্ধরত অবস্থায় সিয়াম পালন করবে। 'আল্লামা 'উবায়দুল্লাহ মুবারকপূরী এ মতকেই যথার্থ বলেছেন। আর এর সমর্থনে আবূ হুরায়রাহ্ (রাঃ) এর বর্ণিত হাদীসে রয়েছে যে, এমন কোন পাহারাদার নেই, যে আল্লাহর রাস্তায় পাহারা দিবে, অতঃপর আল্লাহর রাস্তায় সিয়াম পালন



করবে। (তার জন্য উল্লেখিত পুরস্কার) এখানে خريف অর্থাৎ- নির্দিষ্ট সময়কাল, যা দ্বারা বছর উদ্দেশ্য। কেননা খরীফ বছরে একবারই আসে, কাজেই খরীফ গত হওয়ার পর অর্থ হলো বছর অতিবাহিত হওয়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন